DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:29 PM

খেলা

# আর্জেন্টিনা-ব্রাজিলকে পেছনে ফেলে যেভাবে চ্যাম্পিয়ন হতে পারে ফ্রান্স

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




বিশ্বকাপে দুর্দান্ত খেলছে ফ্রান্স। ছবি: সংগৃহীত

২০১৮ বিশ্বকাপের শিরোপা জেতে ফ্রান্স। সর্বশেষ কাতার বিশ্বকাপেও ফাইনাল খেলে তারা। কিন্তু শিরোপার লড়াইয়ে আর্জেন্টিনার কাছে হেরে যায় দিদিয়ের দেশমের দল। চলতি বিশ্বকাপেও অপ্রতিরোধ্য ফরাসিরা। তিন ম্যাচে তিনটিতেই জয়লাভ করা ফরাসিরা গ্রুপসেরা হয়েই ওঠে দ্বিতীয় রাউন্ডে। আর রাউন্ড অব ৩২-এর খেলাতেও নিজেদের আধিপত্য ধরে রেখেছে দুবারের বিশ্বচ্যাম্পিয়নরা। আপাতদৃষ্টিতে সব ফুটবলবোদ্ধার কাছে ফ্রান্সই এবারের বিশ্বকাপের শিরোপা জয়ের অন্যতম সেরা দাবিদার।

তবে মরুর বুকের কাতার বিশ্বকাপে রানার্সআপ হওয়া ফ্রান্সের সামনে এবার উত্তর আমেরিকার মাটিতে মুকুট পুনরুদ্ধারের মিশনটা মোটেও সহজ হবে না। সোনালি ট্রফিটি উঁচিয়ে ধরতে হলে নকআউটের প্রতিটি ধাপে বিশ্ব ফুটবলের বেশ কিছু পরাশক্তিকে টপকাতে হবে দিদিয়ের দেশমের শিষ্যদের।

নকআউটের প্রথম দুই পরীক্ষা (শেষ ৩২ ও শেষ ১৬)

গ্রুপ পর্বের বাধা অনায়াসে পার করেছে ফ্রান্স। শেষ ৩২-এর লড়াইয়েও সুইডেনকে ৩-০ গোল ব্যবধানে উড়িয়ে দিয়েছে তারা। এবার লক্ষ্য কোয়ার্টার ফাইনাল। বর্তমান খেলার ধরন ও সাম্প্রতিক পারফরম্যান্স বিবেচনায় এই যাত্রাতেও সহজে উতরে যাবে বলে মনে করছেন অনেকে। কেননা কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে ফ্রান্স মুখোমুখি হবে প্যারাগুয়ের। জার্মানিকে বিদায় করা দলটিকে অনায়াসে হারাবেন কিলিয়ান এমবাপ্পেরা।

অপ্টা সুপার কম্পিউটার বলছে, এই ম্যাচে ফ্রান্সের জয়ের সম্ভাবনা ৮৫.৫৪ শতাংশ। অন্যদিকে প্যারাগুয়ের জেতার সম্ভাবনা কেবল ১৪.৪৬ শতাংশ।

কোয়ার্টার ফাইনালে কিছুটা বেগ পেতে হবে ফ্রান্সকে। কেননা কানাডাকে হারিয়ে সেরা আটে ওঠার সম্ভাবনা রয়েছে গত আসরের সেমিফাইনালিস্ট মরক্কোর। গ্রুপ পর্বে ব্রাজিলকে রুখে দেওয়া আফ্রিকার এ দলটি এবার আরও বেশি সুসংগঠিত। তবে সুপার কম্পিউটার বলছে জিতবে ফরাসিরাই।

সেমিফাইনালের অগ্নিপরীক্ষা: স্পেন কিংবা পর্তুগালের মুখোমুখি?

ফ্রান্স যদি তাদের অপ্রতিরোধ্য গতি বজায় রেখে সেমিফাইনালে পা রাখতে পারে, তবে সেখানে অপেক্ষা করছে টুর্নামেন্টের অন্যতম সেরা লড়াইয়ের। ব্র্যাকেটের সমীকরণ অনুযায়ী, শেষ চারে ফ্রান্সের প্রতিপক্ষ হওয়ার দৌড়ে সবচেয়ে এগিয়ে আছে দারুণ ছন্দে থাকা স্পেন। স্পেন কোনো কারণে হেরে গেলে সুযোগ থাকবে রোনালদোর পর্তুগালের। সম্ভাব্য এই দুই দলের একটির বিপক্ষেই জিততে হবে দেশমের শিষ্যদের। তবে প্রতিপক্ষ যে-ই আসুক না কেন, সুপার কম্পিউটার বলছে জিতবে ফ্রান্স।

ফাইনালের মহাদ্বৈরথ: ডিফেন্ডিং চ্যাম্পিয়ন নাকি পাঁচবারের শিরোপা জয়ী?

সব বাধা পেরিয়ে ফ্রান্স যদি ফাইনালে পৌঁছায়, তবে ট্রফি ছোঁয়ার শেষ ম্যাচে তাদের লড়তে হবে লাতিন আমেরিকার দুই পরাশক্তি আর্জেন্টিনা কিংবা শক্তিশালী ব্রাজিলের বিপক্ষে। বিশেষ করে লিওনেল মেসির আর্জেন্টিনা যদি অন্য প্রান্ত থেকে ফাইনালে আসে, তবে তা হবে কাতার বিশ্বকাপের ফাইনালের এক চরম প্রতিশোধের মঞ্চ। যেহেতু সেমিতে আর্জেন্টিনা-ব্রাজিলের দেখা হওয়ার সম্ভাবনা রয়েছে, তাই সেই ম্যাচে সেলেসাওরা জিতলেও জিততে পারে। সেক্ষেত্রে ব্রাজিলের মুখোমুখি হতে হবে ফ্রান্সের।

---

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...



### জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...



### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




### তিন ইনিংসে □তিন ডাক□ লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

Copyright Dhaka Probe